

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, জুলাই ১১, ২০১০

বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ১১ই জুলাই, ২০১০/২৭শে আষাঢ়, ১৪১৭

নিম্নলিখিত বিলটি ১১ই জুলাই, ২০১০ (২৭শে আষাঢ়, ১৪১৭) তারিখে জাতীয় সংসদে
উত্থাপিত হইয়াছে :—

বা. জা. স. বিল নং ৩৯/২০১০

ব্যাটালিয়ন আনসার আইন, ১৯৯৫ (১৯৯৫ সনের ৪ নং আইন) এর অধিকতর সংশোধনকল্পে আনীত বিল।

যেহেতু, নিম্নবর্ণিত উদ্দেশ্য পূরণকল্পে ব্যাটালিয়ন আনসার আইন, ১৯৯৫ (১৯৯৫ সনের ৪ নং
আইন) এর অধিকতর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু, এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল :—

১। সংক্ষিপ্ত শিরোনাম।—এই আইন ব্যাটালিয়ন আনসার (সংশোধন) আইন, ২০১০ নামে
অভিহিত হইবে।

২। ১৯৯৫ সনের ৪নং আইনের ধারা ৬ক এর সংশোধন।—ব্যাটালিয়ন আনসার আইন,
১৯৯৫ (১৯৯৫ সনের ৪ নং আইন) এর ধারা ৬ক এ “যাহাদের চাকুরীর মেয়াদ ১২ (বার) বৎসর”
শব্দগুলি, সংখ্যা ও বন্ধনীর পরিবর্তে “যাহাদের চাকুরীর মেয়াদ ৯ (নয়) বৎসর” শব্দগুলি, সংখ্যা ও
বন্ধনী প্রতিস্থাপিত হইবে।

(৭৩০৩)
মূল্য : টাকা ২.০০

উদ্দেশ্য ও কারণ-সম্বলিত বিবৃতি

ব্যাটালিয়ন আনসার আইন, ১৯৯৫ (১৯৯৫ সনের ৪ নং আইন) দ্বারা আনসার ব্যাটালিয়ন গঠিত এবং নিয়ন্ত্রিত। আনসার-ভিডিপি সংগঠনের জনবল কাঠমোতে ২টি মহিলা আনসার ব্যাটালিয়নসহ ৩৮টি আনসার ব্যাটালিয়নের বিভিন্ন পদবীর মোট পদ সংখ্যা ১৫,৩৬০ টি। ব্যাটালিয়ন আনসারদের চাকরি স্থায়ীকরণের লক্ষ্যে ব্যাটালিয়ন আসার আইন, ১৯৯৫ এর ৬ ধারার পর ২০০০ সালে (২০০০ সনের ৩২ নং আইন) ৬ক সংযোজন করে অংগীভূত ব্যাটালিয়ন আনসার সদস্যদের মধ্যে যাদের চাকুরীর মেয়াদ ১৫ (পনের) বৎসর বা তদুর্ধৰ, তাদেরকে বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে স্বপদে স্থায়ীভাবে নিয়োগের বিধান রাখা হয়। পরবর্তীতে ২০০৫ সালে ১৫ (পনের) বৎসরের স্থলে ১২ (বার) বৎসর করা হয়। উক্ত সংশোধনীর আলোকে ইতোমধ্যে ৯ (নয়) বারে বিভিন্ন পদবীর মোট ১২২০৮ জন অংগীভূত আনসারকে স্থায়ীকরণ করা হয়েছে এবং অবশিষ্ট ৩,১৫২ জন অংগীভূত আনসার রয়েছে।

অংগীভূত আনসারগণকে অন্যান্য শৃঙ্খলা বাহিনীর সদস্য এবং সরকারের অন্যান্য প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারীদের ন্যায় নিয়োগ পরীক্ষার মাধ্যমে নিয়োগ প্রদান করা হয় এবং নির্ধারিত প্রশিক্ষণ দেয়া হয় তবে অন্যান্যদের মতো সাধারণভাবে ২ বছর সত্ত্বেজনক চাকুরীর পর চাকুরী স্থায়ী হয় না বরং বিদ্যমান আইনের বিধান অনুযায়ী অংগীভূত হিসেবে দৈনিক ভাতাদির ভিত্তিতে ১২ (বার) বছর পরে ক্ষেলভিত্তিক স্থায়ী পদে নিয়োগ দেয়া হয়।

বর্তমান সরকার বর্ণিত আইনে বিদ্যমান ব্যাটালিয়ন আনসার সদস্যগণের অংগীভূত ও ক্ষেলবিহীন কর্ম মেয়াদ ১২ বছর থেকে কমিয়ে আনার সিদ্ধান্ত নেয়। এরই ধারাবাহিকতায় সংস্থাপন মন্ত্রণালয় ও অর্থ মন্ত্রণালয় ব্যাটালিয়ন আনসার (সংশোধন) আইন, ২০০৫ এ ধারা ৬ক অধিকতর সংশোধন করে ব্যাটালিয়ন আনসার সদস্যগণের অংগীভূত ও ক্ষেলবিহীন কর্ম মেয়াদ ১২ (বার) বৎসর এর পরিবর্তে ৯ (নয়) বছরে কমিয়ে আনা এবং ব্যাটালিয়ন আনসার আইন, ১৯৯৫ এর সংশ্লিষ্ট ধারা (ধারা ৬ক, ২০০৫ সনের ১০ নং আইন দ্বারা সংশোধিত) সংশোধন করার ব্যাপারে সম্মতি জ্ঞাপন করে।

ব্যাটালিয়ন আনসার আইন, ১৯৯৫ এর ধারা ৬ক এ উল্লিখিত “যাহাদের চাকুরীর মেয়াদ ১২ (বার) বৎসর” শব্দগুলি, সংখ্যা ও বন্ধনীর পরিবর্তে “যাহাদের চাকুরীর মেয়াদ ৯ (নয়) বৎসর” শব্দগুলি, সংখ্যা ও বন্ধনী প্রতিস্থাপিত করার নিমিত্ত “ব্যাটালিয়ন আনসার (সংশোধন) আইন, ২০১০” এর খসড়া বিল ০৫-০৫-২০১০ তারিখে মন্ত্রিসভার বৈঠকে উপস্থাপন করা হয়। মন্ত্রিসভা উক্ত খসড়া

বিলটি আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের ভেটিং গ্রহণ সাপেক্ষে নীতিগত ও চূড়ান্তভাবে অনুমোদন করেন। মন্ত্রিসভা কর্তৃক প্রদত্ত নির্দেশনা মোতাবেক উপস্থাপিত বিলটিতে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের ভেটিং গ্রহণ করা হয়েছে।

উক্তরূপ কারণে “ব্যাটালিয়ন আনসার আইন, ১৯৯৫” এর ধারা ৬ক এ উল্লিখিত “যাহাদের চাকুরীর মেয়াদ ১২ (বার) বৎসর” শব্দগুলি, সংখ্যা ও বন্ধনীর পরিবর্তে “যাহাদের চাকুরীর মেয়াদ ৯ (নয়) বৎসর” শব্দগুলি, সংখ্যা ও বন্ধনী প্রতিস্থাপিত করার উদ্দেশ্যে “ব্যাটালিয়ন আনসার (সংশোধন) আইন, ২০১০” বিল আকারে মহান জাতীয় সংসদে উপস্থাপন করা হ'ল।

এ্যাডভোকেট সাহারা খাতুন
ভারপ্রাপ্ত মন্ত্রী।

আশফাক হামিদ
সচিব।